

# লিপি

আর্থিক

\*

## নিখোঁজ হওয়ার ১৭ বছর পর বাড়ি ফিরল দক্ষিণ নারারথলির রঞ্জিত



কামাখ্যাগুড়ি, ৭ এপ্রিল : এক দুই বছর নয়। দেখতে দেখতে কেটে গিয়েছে ১৭টি বছর। তথাপি ছেলের পথ চেয়ে বসে ছিলেন বাড়ির লোকজন। অবশেষে ছেলে বাড়িতে ফিরল। ফলে স্বভাবতই খুশি কুমারথাম ব্লকের কামাখ্যাগুড়ি-১ পঞ্চায়েতের দক্ষিণ নারারথলির রাভা পরিবারের সদস্যরা। দক্ষিণ নারারথলির বাসিন্দা রঞ্জিত রাভা ২০০৭ সালের ১৪ নভেম্বর মাঠে খেলতে যাবে বলে বাড়ি থেকে বের হয়েছিল। তখন তার বয়স ছিল ১৩ বছর। ২০০৭ সালের ১০ ডিসেম্বর কামাখ্যাগুড়ি পুলিশ ফাঁড়িতে নিখোঁজ ডায়েরি করেন রঞ্জিতের বাবা নিলেন রাভা। বিভিন্ন স্থানে খুঁজেও ছেলের কোনও সন্ধান পাননি তিনি। অবশেষে একটি স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে রঞ্জিত মুম্বই থেকে

বৃহস্পতিবার রাতে বাড়িতে ফেরে। আলিপুরদুয়ার শহরে তাকে পরিবারের সদস্যদের হাতে তুলে দেওয়া হয়। এতে খুশি পরিবারের সদস্য থেকে শুরু করে এলাকার বাসিন্দারা। রঞ্জিতের বাবা নিলেন রাভা বলেন, '১৭ বছর ধরে ছেলে নিখোঁজ ছিল। একটি সংস্থার মাধ্যমে তাকে খুঁজে পেলাম। আলিপুরদুয়ার থেকে তাকে বাড়িতে নিয়ে আসি। ছেলেকে পেয়ে আমরা সবাই খুশি। অসংখ্য ধন্যবাদ জানাই ওই সংস্থার সদস্যদের।' জানা গিয়েছে, রঞ্জিতের বাড়ির পাশেই রয়েছে কামাখ্যাগুড়ি রেলস্টেশন। মনে করা হচ্ছে, কোনও ট্রেনে চেপে সে মুম্বই চলে গিয়েছিল। পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে জানা গিয়েছে, রঞ্জিত কিছুটা মানসিক ভারসাম্যহীন। ওই সংস্থার উদ্যোগে তার চিকিৎসাও করানো হয়েছে।